

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-৩ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.shed.gov.bd



নং-৩৭.০০.০০০০.০৭৪.০০২.০০৩.২০১৬.৮৮

তারিখ: ০৩ বৈশাখ, ১৪২৯ বঙ্গাব্দ
১৬ এপ্রিল, ২০২৩ খ্রিষ্টাব্দ

বিষয়: বিষয়টি অভ্যন্তরীণ নিরীক্ষা শাখার গত ২৭.১০.২০২২ তারিখের কার্যবিবরণীর সুপারিশের আলোকে এমপিও বাতিলের বিষয়ে ব্যবস্থা গ্রহণ।

সূত্র: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের(অভ্যন্তরীণ নিরীক্ষা) শাখা এর স্মারক নং-৩৭.০০.০০০০.০৮৭.১৭.০০৩.২১(অংশ-১).১৮, তারিখ: ১৮ জানুয়ারি ২০২৩খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অভ্যন্তরীণ নিরীক্ষা শাখা গত ২৭.১০.২০২২ তারিখের কার্যবিবরণীর নিম্নোক্ত প্রতিষ্ঠানের শিক্ষক কর্মচারীদের অডিট আপত্তির অর্থ আদায়পূর্বক এমপিও বাতিল করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানিয়েছে :

শিক্ষক- কর্মচারীর নাম ও পদবী	প্রতিষ্ঠানের নাম	সভার সুপারিশ/সিদ্ধান্ত
জনাব মো: নাসির উদ্দিন তালুকদার, প্রধান শিক্ষক	তুষখালী মাধ্যমিক বিদ্যালয়, মঠবাড়ীয়া, পিরোজপুর।	জনাব মো: নাসির উদ্দিন তালুকদার, প্রধান শিক্ষক, তুষখালী মাধ্যমিক বিদ্যালয়, মঠবাড়ীয়া, পিরোজপুর এর সরকারি বিধি অনুযায়ী নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ না করে শুধু গণিত বিষয় উল্লেখ করায় এবং সহকারী প্রধান শিক্ষক হিসাবে কমপক্ষে ০৩ বছরের অভিজ্ঞতাসহ শিক্ষকতায় নিরবিচ্ছিন্ন ভাবে বিদ্যালয়ে ১৫ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা না থাকায় তার প্রধান শিক্ষক হিসেবে নিয়োগ বৈধ নয়। সুতরাং ২৬.১২.২০০২ তারিখ হতে অদ্যাবধি পর্যন্ত প্রধান শিক্ষক হিসেবে উত্তোলিত বেতন ভাতা সরকারি কোষাগারে ফেরত প্রদান এবং পূর্বের সহকারী শিক্ষকের বেতন ভাতা গ্রহণের জন্য সুপারিশ করা হলো।
জনাব লায়লা আক্তার প্রভাষক	হাজী আব্দুর রহমান আব্দুল করিম ডিগ্রী কলেজ, মধুখালী, ফরিদপুর।	প্রভাষক জনাব লায়লা আক্তার এর শুনানীতে প্রদত্ত বক্তব্য ও নিয়োগ সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনান্তে বর্ণিত অভিযোগ এং পরিপ্রেক্ষিতে তার এনটিআরসিএ এর সনদ জাল থাকায় এমপিও বাতিলপূর্বক এবং তৎকর্তৃক গৃহীত সমুদয় অর্থ সরকারি কোষাগারে ফেরত প্রদান করার সুপারিশ করা হলো।

২.০ এমতাবস্থায়, বর্ণিত শিক্ষকগণের অডিট আপত্তির অর্থ আদায়পূর্বক এমপিও বাতিল করার বিষয়ে কারণ দর্শানোর জবাব গ্রহণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(মো: মিজানুর রহমান)
উপসচিব

ফোন: ৫৫১০০৫১৭

ই-মেইল: nongovt.secondary.Sec3@shed.gov.bd

মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শিক্ষা ভবন, ঢাকা।

সদয় অবগতি/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. যুগ্মসচিব, অডিট ও আইন শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩. জেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পিরোজপুর/ফরিদপুর।
৪. অতিরিক্ত সচিব (মাধ্যমিক-২), মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, ঢাকা
৫. অধ্যক্ষ/প্রধান শিক্ষক, -----।
৬. জনাব, -----।
৭. অফিস কপি।